

২৪ শ্রাবণ ১৪২৯

০৫ আগষ্ট ২০২২

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১১৯.২২.

দরপত্র আহবানের বিজ্ঞপ্তিকাজের বর্ণনা ও শর্তাবলী

১। বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

01 in no CO₂ storage mega cylinder defective. CO₂ storage mega cylinder is to be hydrotest and inner barrel inspection with certification as necessary. Details: Empty weight: 360 Kg, Nominal capacity:450L, Maximum filling weight: 327 Kg, Working Pressure: 2.88 Mpa, Operating Pressure of safety valve: 3.45 Mpa, Burst Pressure of rupture disc: 5.17 Mpa, Dimension: H-1605 mm, Dia-766 mm.

২। **Repair/ Renew** কাজ সংক্রান্ত বিবরণ। উক্ত কাজে কোন মালামাল সরবরাহের প্রয়োজন হলে উহার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে স্থানীয় দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। প্রয়োজনে বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তাও উল্লেখ করতে হবে। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে।

৩। **যন্ত্রপাতি/ যন্ত্রাংশ/ আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ**। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন। অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে তা প্রদান করে উক্ত কাজ সম্পাদন করতে হবে।

৪। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী**। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে। উক্ত কাজে আসল, নতুন এবং উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে।

৫। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ**। উক্ত কাজ বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৬। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা**। উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৭। **কার্য সম্পন্নের সময়সীমা**। কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বিএন ডকইয়ার্ড সিআর নং ৯১৩২২০০২৯৬ তারিখ ৩০ এপ্রিল ২০২২)।

৮। **ওয়ারেন্টি**। দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট জাহাজ/ ঘাঁটি কর্তৃক গ্রহণযোগ্যতা/ Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন দরপত্রে উল্লিখিত কাজের কোন ক্রটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ এর টেষ্ট/ ট্রায়াল সম্পাদন করবে।

৯। **বিলম্ব জরিমানা**। বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের প্রতি মাসে ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য মোট মূল্যের সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তন করতে পারবে।

১০। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান**। কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এসএফসি (নৌ) ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১১। বিএন হাসপাতাল গেইটে টেন্ডার বক্সে আগামী ১৭ আগষ্ট ২০২২, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

১২। আগামী ১৭ আগষ্ট ২০২২, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।


১৩। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

১৪। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।

১৫। দরপত্র টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

সীমিত

- ১৬। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।
- ১৭। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত বাংলাদেশ নৌ বাহিনীকে কনসাইনি করে আমদানী করতে হবে।
- ১৮। উক্ত দরপত্রে অতালিকাভুক্ত যোগ্য সরবরাহকারীগণ দরপত্রে উদ্ধৃত মূল্যের ৫% অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
- ১৯। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এষ্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- ২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/ গ্রহণ করার ক্ষমতা রাখে।



এম ইউ এম জিয়াউল ইসলাম
কমান্ডার বিএন
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার কমিটি

ভারপ্রাপ্ত কর্মকর্তা

কম্পিউটার সেকশন, বিএন ডকইয়ার্ড

- ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ

বহিঃ

কার্যঃ

নেভিগেটিং অফিসার, বিএন ডকইয়ার্ড

- নোটিশ বোর্ডে দরপত্রটি ঝুলানোর অনুরোধসহ